## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা আষাঢ় বুধবার ১৩৬১ ইংরাজী 16th June. 1954 | ৫ম সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১লা আষাঢ় বুধবার সন ১৩৬১ সাল

## মূষ-বৃদ্ধি না গজ-ক্ষয়

—•—

অতি প্রাচীনকালের গল্প আছে—এক গ্রামে বহু পণ্ডিতের বাস। কিন্তু সেই সব পণ্ডিতগণের মধ্যে কেহ কখন শূকর দেখিবার সুযোগ পান নাই। দৈবক্রমে এক শূকর সেই গ্রামে উপস্থিত হওয়ায়, সমস্ত পণ্ডিত সেখানে সমবেত হইয়া তর্ক আরম্ভ করিলেন। এটা কি জানোয়ার! যাঁহারা প্রবীণ তাঁহাদের মধ্যে একজন বলিলেন—ইহা হইতেছে মূষ-বৃদ্ধি—মানে—মূষ অর্থাৎ ইন্দুর বাড়িতে বাড়িতে এইরূপ প্রকাণ্ড আকার ধারণ করিয়াছে। অনেকে সেই মতে মত দিলেন। আবার কেহ কেহ বলিলেন—তাহা নয়, ইহা হইতেছে গজক্ষয় অর্থাৎ হাতী ক্রমশঃ ক্ষয় হইতে হইতে এই প্রাণীতে পরিণত হইয়াছে। এখন প্রবল তর্ক উপস্থিত হইল ইহা মূষ-বৃদ্ধি না গজ-ক্ষয়। অন্য দেশের একজন অভিজ্ঞ পণ্ডিত সকলের ভ্রম নিরাকরণ করিয়া তাঁহাদের সন্দেহ ভঞ্জন করিয়া দিলেন—ইহা ভগবানের তৃতীয় অবতার বরাহ অর্থাৎ শূকর।

সম্প্রতি সংবাদপত্রে এক সংবাদ বাহির হইয়াছে—এক ধনী লোকের একটি সদ্যজাত শিশু বক্ষে কি না জানি রোগ লইয়া জন্মগ্রহণ করিল—কলিকাতা মহানগরীর বিখ্যাত বিখ্যাত ডাক্তারগণ কেহ বলে এ রোগ কেহ বলে উঁহু তা নয় অমুক রোগ। ডাক্তারগণের নাম কাগজে ছাপান হয় নাই, কারণ ছাপাইলে কাগজওয়ালাদের মানহানি রোগে হয়তো হানিমানের পদ্ধতিতে বহুদিন ঔষধ সেবন করিতে হইত। সেই ভয়ে কেহ তাঁহাদের নাম করে নাই।

জ্যামিতিতে যেমন ক, খ, গ, ঘ, ইত্যাদি নামকরণ করা হয়, তেমনি ঝ পর্য্যন্ত নাম করিয়া ডাক্তারদের পরিচয় দিতে হইয়াছে। শেষে এখানকার সর্ব্বাপেক্ষা বিজ্ঞতম ডাক্তারের চিঠি লইয়া শিশুর পিতামাতা শিশুকে সুইজারল্যাণ্ড লইয়া গিয়া তাহার রোগ নির্ণয় করিবার পর অস্ত্রোপচার দ্বারা শিশুর আরোগ্যলাভান্তে দেশে ফিরিয়াছেন।

এতগুলি ডাক্তার ঠিক করিতেই পারিলেন না শিশুর রোগ কি? শিশুর পিতার অর্থ ছিল বলিয়া সে জীবনলাভ করিতে পারিল। নচেৎ পাশকরা, A হইতে Z পর্য্যন্ত উপাধি পাওয়া ডাক্তারগণ কবি দাশরথি রায় মহাশয়ের হাতুড়ের ছড়ার জলন্ত নিদর্শন বলিলে বেশী বলা হয় না। ছড়াটি—

খুন ক'রে পড়ে না ধরা, সেই সাহসে ব্যবসা করা, কি পথ দিয়াছেন জগৎপতি। হাতুড়ে বলে ধ'রে হাত, এ যে ঘোর সন্নিপাত, যার নাড়ীতে বায়ু বৃদ্ধি অতি।

হাতুড়ের সব এক রীত, এক ঔষধে দীক্ষিত, হলাহল, গোদন্তী আর পারা। ধর্ম্ম ভয় নাই চিত্তে, ব্যাধের মত জীব হত্যে, করতে কেবল ফিরেন পাড়া পাড়া।

হাতুড়ের হাতে এড়ান নাই, যমদূতের বৈমাত্র ভাই, ত্রিপুষ্করার পতি হন হাতুড়ে। তবে দৈবে কেহ বাঁচেন যদি, সে পরমায়ু পয়মোষধি, বিষ খেয়ে অমৃত গুণ ধরে।

কবি রজনীকান্তও বলিয়া গিয়াছেন—

“তোমার ছেলে অক্কা পেলে
আমার কি আর তাতে।
ঔষধের বিল দেখবে রোজই
সন্ধ্যা এবং প্রাতে।
(তা) যতই মাথা ঠোকো আর
দিব না বলেই রোকো—
বিলটা ভীমরুল মাফিক ধরবে
তেড়ে জলে বা গর্ত্তে ঢোকো,
(তা) হও না কেন কিস্‌মৎ মোড়ল,
হও না এডমিরাল টোগো।
রোগটা বুঝিই বা না বুঝি,
কিন্তু দর্শনী ট্যাঁকে গুজি,
ষ্টেথিস্‌কোপ আর থারমোমিটার
মোদের প্রধান পুঁজি।”

শিশুর পিতা ধনী তাই সুইজারল্যাণ্ড পর্য্যন্ত ধাওয়া করতে পেরেছেন, নইলে গরীবের পক্ষে মরণ মুখস্থ করা ছাড়া উপায় নাই।

—

## বর্গাদারদের উচ্ছেদ বন্ধ করার সরকারী ব্যবস্থা

### পঃ বঙ্গের গভর্ণর কর্তৃক অর্ডিন্যান্স জারী

ভাগচাষীদের বে-আইনীভাবে উচ্ছেদ করা বন্ধ করার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গের গভর্ণর পশ্চিমবঙ্গ বর্গাদার আইন ও জমিদারী দখল আইন সংশোধন করিয়া অদ্য রাত্রিতে দুইটি অর্ডিন্যান্স জারী করিয়াছেন। এই অর্ডিন্যান্স এখনই কার্য্যকরী হইবে।

বর্গাদার আইন সংশোধন অর্ডিন্যান্সটির প্রধান দুইটি বিষয় নিম্নরূপ :—(১) বর্গাদার আইনের ১নং ২নং ও ৩নং উপ ধারা এবং ১২নং ধারা ভঙ্গ করিয়া জমির মালিক এই আইন বলবৎ হওয়ার পূর্ব্বে বা পরে কোন ভাগচাষীকে জমি হইতে উচ্ছেদ করিলে বর্গাদার চাষের অধিকার ফিরিয়া পাইবার জন্য মহকুমা ম্যাজিষ্ট্রেটের নিকট আবেদন করিতে পারিবে এবং ম্যাজিষ্ট্রেট জমির মালিককে তাহার বক্তব্য বলার সুযোগ দিয়া বর্গাদারকে জমি চাষের অধিকারে পুনঃ প্রতিষ্ঠিত করিতে এবং এই আদেশ বলবৎ করিতে পারিবেন।

(২) বর্গাদার আইন সংশোধন অর্ডিন্যান্স বলবৎ হওয়ার পর কোন মালিক বর্গাদারকে উচ্ছেদ করিলে বা উচ্ছেদের চেষ্টা করিলে তিনি অপরাধী বলিয়া গণ্য হইবেন এবং তাঁহার জরিমানা অথবা কারাদণ্ড হইতে পারিবে।

—

## স্কুল ফাইনাল পরীক্ষা

### এ বৎসর পাশের হার শতকরা ৫৬

জানা গিয়াছে এই বৎসর স্কুল ফাইন্যাল পরীক্ষায় শতকরা ৫৬ জন ছাত্রছাত্রী কৃতকার্য্য হইয়াছে। কিন্তু গত বৎসর শতকরা ৫১ ভাগ অপেক্ষা কিছু বেশী ছাত্রছাত্রী কৃতকার্য্য হইয়াছিল। এখানে আরও উল্লেখযোগ্য এই যে বর্ত্তমান বৎসরের পাশের হার গত তিন বৎসরের পাশের হারের তুলনায় বেশী।

মাধ্যমিক শিক্ষা পর্ষতের পরিচালনায় এই বৎসর ৫৬ হাজার ছাত্রছাত্রী স্কুল ফাইন্যাল পরীক্ষা দিয়াছিল। পর্ষৎ আগামী জুলাই মাসের প্রথম সপ্তা-

হের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশের চেষ্টা করিতেছেন বলিয়া জানা গিয়াছে।

## ভেজাল দই বিক্রয়ে দণ্ড

দ্বারিকানাথ ঘোষ এণ্ড সন্স নামক দধি, দুগ্ধ ও মিষ্টান্ন ব্যবসায়ী ফার্ম্ম শুধু কলিকাতা মহানগরীতে নহে, ভারতের নানাস্থানে ইঁহাদের দোকান আছে। গত বৎসর ২৫শে ফেব্রুয়ারী কলিকাতা ১০৩।১০৪ নম্বর হরি ঘোষ ষ্ট্রীটে অবস্থিত উক্ত দ্বারিকানাথ ঘোষ এণ্ড সন্স লিঃ এর দোকান হইতে কলিকাতা করপোরেশনের খাদ্য ইন্‌স্পেক্টর শ্রী এল্‌, বাগুই ৫ ছটাক দই ক্রয় করেন। উক্ত দই পরীক্ষা করিয়া দেখা যায় যে উহা হইতে শতকরা ৭১ ভাগ মাখন তুলিয়া লওয়া হইয়াছে। ৺দ্বারিকানাথ ঘোষের দুই পুত্র শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ ও শ্রীনিশিকান্ত ঘোষ উক্ত ফার্ম্মের স্বত্বাধিকারী এবং সংশ্লিষ্ট দোকানের মালিক। শ্রীপঞ্চানন খান উক্ত দোকানের বিক্রেতা। এই তিন ব্যক্তির বিরুদ্ধে ভেজাল খাদ্য বিক্রয়ের অপরাধে অভিযোগ আনা হয়।

অভিযুক্ত ব্যক্তিগণের পক্ষ হইতে বলা হয়, যে দোকান হইতে যখন খাদ্য ইন্‌স্পেক্টর দধি ক্রয় করিয়াছিলেন, ঐ সময় শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ ও শ্রীনিশিকান্ত ঘোষ ঐ দোকানের মালিক ছিলেন না। ১৯৪৮ সালের ২২শে এপ্রিল দ্বারিকানাথ ঘোষ এণ্ড সন্স লিমিটেড লিকুইডেশনে চলিয়া যায়। ঐ কোম্পানী লিকুইডেশনে যাইবার পর পঞ্চানন খানই সংশ্লিষ্ট দোকানটির মালিক হন।

নথিপত্র ও সাক্ষ্যপ্রমাণ পরীক্ষা করিয়া দেখার পর ম্যাজিষ্ট্রেট এই সম্পর্কে নিশ্চিত হন যে, খাদ্য ইন্‌স্পেক্টর যখন ঐ দই ক্রয় করিয়াছিলেন, ঐ সময় জ্ঞানেন্দ্রনাথ ঘোষ এবং পঞ্চানন খান ঐ দোকানের মালিক ও বিক্রেতা ছিলেন। নিশিকান্ত ঘোষ নির্দ্দোষ বলিয়া সাব্যস্ত হন। ম্যাজিষ্ট্রেট নিশিকান্ত ঘোষকে খালাস দিয়া মালিক জ্ঞানেন্দ্রনাথকে ৫০০৲ টাকা ও বিক্রেতা পঞ্চাননকে ২০০৲ টাকা অর্থদণ্ড করিয়াছেন। মামলার সূচনা হয় গত বৎসর ২৫শে ফেব্রুয়ারী নিষ্পত্তি হইল বর্ত্তমান বৎসরে ১১ই জুন।

## "কাল"

—০—

সত্যই কি কাল তুমি এস যাও, হও নব পুরাতন  
যে স্রোত সমুদ্রে মিশে, সে ফিরিয়া  
আসে কি কখন ?  
এক ধাতু কাল, কালী বিভিন্ন প্রত্যয়  
একে দুই দুয়ে এক নাহিক সংশয়,  
সূর্য্যের উদয় অস্তে বর্ষ দিন ক্ষণ  
এ কারণে কাল তুমি সূর্য্যের নন্দন  
করিতেছি তোমারে বন্দন।  
কিন্তু তুমি কাল—মহাকাল অংশ তুমি  
চির পুরাতন, নিত্য ও নবীন,  
অনন্তের রূপান্তর তুমি আদ্যন্ত বিহীন।  
বিশ্বেরে 'কলন' করি তুমি মহাকাল  
বিভক্ত প্রতীয়মান তুমি কি করাল ?  
হে অব্যক্ত, তব শক্তি ব্যক্ত বিশ্বরূপে বিবর্ত্তিত  
প্রলয়ে তোমার গর্ভে বিশাল ব্রহ্মাণ্ড তিরোহিত,  
কিন্তু তুমি কাল আছ স্থির নির্নিমেষ চেয়ে  
তোমার স্মরণে ভূতগণ ভীত ও কম্পিত  
কে বৃহৎ কে মহৎ আছে তোমা চেয়ে।  
দেখিয়াছ তুমি লক্ষ লক্ষ যুগে গণ অগণন  
কত শত শত বার, অনন্ত আকাশে, গ্রহাদির  
উত্থান পতন,  
তুমি দেখিয়াছ কত শত আর্য্য অনার্য্যের  
রাজ্য রাজাদের  
অখণ্ড প্রতাপ, খদ্যোৎসম জ্বলিয়া অম্বরে  
তবোদরে সমাধি হয়েছে তাহাদের।  
শক হূন মুসলমান আসিল ইংরাজ  
সকলের হ'লো অবসান  
কত শত চতুরানন "আওত যাওত  
সাগরকা লহরী-সমান।"  
দেখিয়াছ ভারতের অতীতের সুখ  
স্বর্ণ থালে অন্ন ভুঞ্জি করিত না অতিথি বিমুখ  
স্বর্ণ লোভে অন্ন লোভে তাই এল অসুরের দল  
প্রহারিল ভারত বক্ষে ভীষণ অশনি অবিরল।  
এখন নাচিছে বক্ষে স্বার্থপর শিষ্য শ্বেতাঙ্গের  
হে কাল তুমিই জান কে ঘুচাবে এ যন্ত্রণা  
ছিন্নভিন্ন ক্লিষ্ট ভারতের কে ঘুচাবে গ্লানি  
ঘুচাবে তুমিই কাল শুনি আশা-বাণী।

শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য্য,  
বাড়ালা।

## রেডিও সেট

স্থানীয় মহকুমা প্রচার অফিস হইতে দুইটি কম্যুনিটি লিসেনিং সেট (রেডিও) গ্রামাঞ্চলে দেওয়া হোয়েছে গত মে মাসে। ইহার প্রথমটি রঘুনাথগঞ্জ থানার দয়ারামপুর দাতব্য চিকিৎসালয়ে এবং দ্বিতীয়টি ফরাক্কা থানার অন্তর্গত বেওয়া ইউনিয়ন বোর্ড অফিসে সন্নিবিষ্ট হোয়েছে। মহকুমার বিভিন্ন অঞ্চলে অনুরূপ সেট্ আরও অনেকগুলি দেওয়া হইবে।

## ভাদুই ধান ও পাট

এতদঞ্চলে সময়ে বৃষ্টি না হওয়ায় বাগড়ী অঞ্চলের প্রধান ফসল ভাদুই ধান বোনা হয় নাই। পাটের বীজও অতি অল্প পরিমাণ জমিতে বোনা হইয়াছে। ঐ দুই ফসল হইতে গৃহস্থগণের কিছু আয় হইয়া থাকে। ভাদুই ধানের চাল খাইয়াও বহু লোক জীবন ধারণ করে।

## স্বর্গধাম সেবক-সঙ্ঘ


গত ৭ই জুন মীরা রঙ্গমঞ্চে পুনর্ব্বাসন বিভাগের উপমন্ত্রী শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ের সভানেতৃত্বে বহরমপুর স্বর্গধাম সেবক সঙ্ঘের দ্বিতীয় বার্ষিক অধিবেশন হইয়া গিয়াছে।

## যাত্রী সমাগম

গত ২৮শে জ্যৈষ্ঠ শুক্রবার গঙ্গাপূজা উপলক্ষে রঘুনাথগঞ্জে রাঢ় অঞ্চলের বহু যাত্রীর সমাগম হইয়াছিল। ঝড় বৃষ্টি হইলে যাত্রিগণের আশ্রয় লইবার কোন স্থান নাই। পূর্ব্বে লোকে তুলসীবিহার বাটীর ঘরে আশ্রয় লইত। বর্ত্তমানে অধিকাংশ ঘর ভাঙ্গিয়া গিয়াছে এবং উঠান ও বাহিরের ফাঁকা জায়গা প্রজা বন্দোবস্ত করা হইয়াছে।

## পকেটমার ধৃত

গত ৩২শে জ্যৈষ্ঠ মঙ্গলবার দুপুরে জঙ্গিপুর ফৌজদারী কোর্টে একজন পকেটমার ধরা পড়িয়াছে। তাহাকে পুলিশে দেওয়া হইয়াছে।





## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়:—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেন্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

বিশ্বস্ত প্রতিষ্ঠান

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১২ই জুলাই ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১০৩ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং মৃত হাজি সুবেজান মণ্ডলের ওয়ারিশ পুত্র নবাবজান মণ্ডল দিং দাবি ৩২৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামচন্দ্র-বাটী ১-৫২ শতকের কাত ষোল আনায় ১৫১ পাই ডিক্রিদারগণের নিজাংশে ॥৭ পাই আঃ ১৫৲ থং ৫৩২ রায়ত স্থিতিবান।

১০৪ থাং ডিঃ ঐ দেং বাহার সেথ দিং দাবি ৪১।/৬ থানা ঐ মৌজে গনকর ৩৩ শতকের কাত ষোল আনায় ৫৬ ডিক্রিদারগণের নিজাংশে ৶৯ পাই আঃ ৫৲ থং ৩০৮ রায়ত স্থিতিবান।

১৩০ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দিং পক্ষে কমন ম্যানেজার যোগেশচন্দ্র সেন দেং বঙ্ক-বিহারী রুদ্র দিং দাবি ২২।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর জোত জমা ২২ শতকের কাত ১৶০ আঃ ১০৲ থং ২৯৭ রায়ত স্থিতিবান।

১৩১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮৶৬ থানা ঐ মৌজে বাসুদেবপুর ১-১৩ শতকের কাত ৩।/০ আঃ ৫৲ থং ২৭৮ রায়ত স্থিতিবান।

১৫০ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং উমেশ মণ্ডল দাবি ১১॥০ থানা সুতী মৌজে জগতাই /৩ কাঠার কাত ॥/০ আনা আঃ ৬৲ থং ৩৩৬ এর অন্তর্গত।

১৫৮ থাং ডিঃ ঐ দেং অনুকুলচন্দ্র মণ্ডল দাবি ১১৶৬ মৌজাদি ঐ /২ কাঠার কাত ।৶০ আঃ ৫৲ থং ৩৩৬ এর অন্তর্গত।

১৬৩ থাং ডিঃ সীমা দেবী দেং সাইলাম হাজি দিং দাবি ১৯।৶৯ থানা সুতি মৌজে বংশবাটী ১৫ শতকের কাত ৶০ আঃ ৫৲ থং ১৯৪৩

১৬৬ থাং ডিঃ ভোরীলাল বয়েদ দিং দেং হরিণী দাসী দিং দাবি ২৭॥৶৬ থানা সুতী মৌজে ইচলি-পাড়া ৩২ শতকের কাত ৩॥৩ আঃ ১০৲ থং ১২২০, ১১৩৩

১৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮৶৬ মৌজাদি ঐ ১-০০ একরের কাত ৯৫ আঃ ২৫৲ থং ১১৩৩।১১৩৪।১১৩৫।১১৩৬

১৮৩ থাং ডিঃ শচীন্দ্রকুমার সিংহ দিং দেং হাজি মহম্মদ আবদুল্লা দিং দাবি ১৮২।৶০ থানা সুতী মৌজে বংশবাটী ৪-২২ শতকের কাত ২৯।০ আঃ ৫০৲ থং ৯৬৪

১৮৪ থাং ডিঃ ঐ দেং বনশোভিনী দেবী দাবি ১৯৫/৩ থানা সুতী মৌজে হিলোড়া ২৪ শতকের কাত ২৲ আঃ ৫৲ থং ১৬৩

৬ স্বত্ব ডিঃ আবদুর রহমান বিশ্বাস দেং আবদুল করিম বিশ্বাস দাবি ৪৫৫৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৪-৫২ শতকের কাত ৩.৶৩ তন্মধ্যে দেন্দা-রের দখলীয় ১৮॥০ শতকের কাত ৶৩ আঃ ২৫৲ থং ১৫২ রায়ত স্থিতিবান।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে জুলাই ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১২১ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং এরামন বিবি দাবি ১৬॥/০ থানা সাগরদীঘি মৌজে কাস্তনগর ৭৮ শতকের কাত ৩৫/৩ আঃ ৫৲ থং ৮৭।৩৭৬

১২২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ৩৮'৶৯ মৌজাদি ঐ ৫-৮৩ শতকের কাত ১৫৫৶৬ আঃ ২০৲ থং ৪৩২।২৭

৮৪ থাং ডিঃ সরযুগ দেবী দেং বেরাশত সেখ দিং দাবি ২১৲৬ থানা সাগরদীঘি মৌজে বুধি ১-১৪ শতকের কাত ৩॥৶১০ আঃ ১০৲ থং ২৮

২৯৯ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং রহমতুল্লা বিশ্বাস দাবি ২৬।৶৩ থানা সাগরদীঘি মৌজে থাড়ুগ্রাম ৪৭ শতকের কাত ৩।/২ আঃ ১২৲ থং ২৩৪

১০৬ থাং ডিঃ মহিমারঞ্জন দাস দেং কেদার মাঝি দিং দাবি ৪৭॥৩ থানা ফরাক্কা মৌজে বাহাদুরপুর ৫-৩০ শতকের কাত ৮৫ আঃ ৪০৲ থং ৪৯৮

৫ মনি ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং মতিলাল মণ্ডল দাবি ২৪৫/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ৫-১২ শতক ভোগদখলসূত্রে নিষ্কর আঃ ৪৫০৲ থং ২২৩ অধীনস্থ থং ২২৪ হইতে ২২৮ জোতে দেন্দা-রের রকম ॥০ আনা অংশ।

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই আগষ্ট ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৬৪১ থাং ডিঃ যোগেশ্বরনাথ রায় দিং দেং জানকীনাথ রায় মৃত্যান্তে ওয়ারিশ রাধারমণ রায় দিং দাবি ৬০৫/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়া-ডাঙ্গা ২-৬৮ শতকের কাত ৬।৶৬ আঃ ১৬৲ থং ৩৪৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

৩৩ থাং ডিঃ ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং দুর্গাপদ চট্টোপাধ্যায় দিং দাবি ২৮৮৫৶৩ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৮৯ শতকের কাত ৬৬।৶১০ আঃ ৫০৲ থং ২২৯

১৭৪ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং নকড়িলাল সাহা দিং দাবি ৯৭।/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ও বিজয়পুর ৭-০৪ শতকের কাত ৩৯৫০ আঃ ২৫৲ থং ১০৪।১০৩।১৭৪

১৩৭ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং গাজরুদ্দিন সেথ দিং দাবি ৯১॥৬ থানা সুতী মৌজে জলঙ্গাপাড়া ৮-১৫ শতকের কাত ১০॥৶০ নিজাংশে ১॥/২ আঃ ১০৲

২০৩ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং পদ্মকামিনী দেবী দেং কালীপদ রায় দিং দাবি ৪১॥৶০ থানা সুতী মৌজে বহুতালী ২-৫৩ শতকের কাত ৪॥/৫ গণ্ডা আঃ ২৫৲ থং ৬৮৮

২০৪ থাং ডিঃ ঐ দেং মাণ্ড খাঁ দিং দাবি ৮১৫৶৯ মৌজাদি ঐ ৮-২৪ শতকের কাত ৯৶১১ আঃ ৫০৲ থং ৫২০

২০৫ থাং ডিঃ ঐ দেং হাজী ইমান আলী দিং দাবি ৬৮।৶৩ থানা সুতী মৌজে আরাজী গোড়সা ২-৬৯ শতকের কাত ৭॥৶১৭ আঃ ২৫৲ থং ৭০ আরাজী গোড়সা ও ৩৬০ গোড়সা।

২০৬ থাং ডিঃ ঐ দেং সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দাবি ১৩৩০/৯ থানা সুতী মৌজে বহুতালী ৫

আরাজী গোড়সা ১৩৯-৫৩ শতকের কাত ৩০১॥০ আঃ ৪০০৲ খং ১২২০ বহুতালী ও ১২১ আরাজী গোড়সা মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী মোকররী স্বত্ব।

২০৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৭৯৮৩ থানা সুতী মৌজে বহুতালী ২০২-০৪ শতকের কাত ৩৬০৬৶১০ আঃ ৫০০৲ খং ১৩১০ ঐ স্বত্ব।

২৩২ খাং ডিঃ ঐ দেং রামরতন মণ্ডল দিং দাবি ৩৮॥/০ থানা সুতী মৌজে নাদাই ১-০২ শতকের কাত ৪॥/০ আঃ ২৫৲ খং ১০২

২৩৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮।৩ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ১॥৶৮ পাই আঃ ৫৲ খং ১০৩

২৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২॥০ মৌজাদি ঐ ১-২১॥০ শতকের কাত ৪।১০ আঃ ২৫৲ খং ৯৬

২৩৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৮৶০ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ॥৶০ আঃ ৫ খং ৯৯

৮ রেহান ডিঃ সৌদামিনী দেবী দেং ইশিমতুল্লা সেখ দাবি ৪৯২৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড়শিমুল ও খোদরামপুর ১-২৮ শতকের কাত ৩৮৮ পাই আঃ ৩০০৲ খং ৫৯১ ও ২৩০ রায়ত স্থিতিবান ২নং লাট থানা ঐ মৌজে বড়শিমুল ২৩ শতক খাজনার যোগ্য উল্লেখে রেকর্ড হইয়াছে আঃ ৫০৲ খং ৮৮। ৩নং লাট ঐ মৌজাদি ১৬ শতকের কাত ১৶২ পাই আঃ ৪৫৲ খং ৮৭। ৪নং লাট ঐ মৌজাদি ২৩ শতকের কাত ৩৶৩ আঃ ১৫০৲ খং ৪৮৫ ৫নং লাট ঐ মৌজাদি ৩১ শতকের কাত ৩৲ আঃ ৭৫৲ খং ৫০০

২১২ খাং ডিঃ গৌরগোপাল ধর দেং নুরেমান সেখ দিং দাবি ২৯৮৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ৬১ শতকের কাত ৩॥৶৪ আঃ ১০৲ খং ৬১২ কোর্ফা স্বত্ব।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৬ই আগষ্ট ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৩২ খাং ডিঃ শরদিন্দুনারায়ণ ঘোষ দেং কৃষ্ণপ্রসন্ন ঘোষ দিং দাবি ২৬৮৶৬ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ৩৪ শতকের কাত ২৶১ আঃ ১০৲ খং ৭৯৮

১৩৪ খাং ডিঃ ট্রাষ্টি ইন্দুভূষণ চৌধুরী দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৩৪৫৯ থানা সাগরদীঘি মৌজে কৈয়ড় ১৫ শতকের কাত ৪॥৶০ আঃ ৫৲ খং ১৬৯

১২৮ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং ছকড়িচন্দ্র চক্রবর্ত্তী দিং দাবি ২৮৮৶০ থানা সাগরদীঘি মৌজে চণ্ডগ্রাম রঘুনাথপুর ১০০৭ শতকের কাত ৩।১১ আঃ ১০৲ খং ৫৩৯

১২৫ খাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শিবদাসী দাসী দি দাবি ৪৬৮৶৯ থানা ঐ মৌজে খাড়ুগ্রাম ১-২৭ শতকের কাত ৭॥/৬ আঃ ৩০৲ খং ৬৭

৫ স্বত্ব ডিঃ কিশমতুল্লা বিশ্বাস দেং হাজি বুদ্ধ বিশ্বাস দিং দাবি ৯০৬ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৩২ শতকের কাত ॥/০ আঃ ৯০৲ খং ৩৩৬

১২৩ খাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং তারাপদ বন্দোপাধ্যায় দাবি ৭৫॥৶৩ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ৪-২৯ শতকের কাত ২২/০ আঃ ১৫৲ খং ২৭৭

১৩৭ খাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং হাসেন আলি মণ্ডল দিং দাবি ৬৩৶৩ থানা ও মৌজে সাগরদীঘি ২৫৩ শতকের কাত ২০৲ আঃ ১০৲ খং ২৬০ অধীনস্থ খং ২৬১

১৩৮ খাং ডিঃ ঐ দেং কিরিটিভূষণ রায় দিং দাবি ৪৯/০ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ৮৶০ আঃ ১০৲ খং ১১

---


পূর্ণপাত্র
শূন্য হয়ে আসে ধীরে ধীরে



M.P. 643

মৃত্যুর নিকষকালো তিমিরাবরণ ভেদ ক'রে — মৃত্যুঞ্জয়ীবীরদের অমর বাণী ভেসে আসছে অনির্ব্বাণ জ্যোতিতে যুগে যুগে মানবসভ্যতাকে বর্ব্বরতার সঙ্কট থেকে পরিত্রাণ দিচ্ছে। বুদ্ধ, সক্রেটিস্, শেক্‌সপীয়র, রবীন্দ্রনাথ — সভ্যতার বন্দনীয় পূজারীর দল আজও আছেন অক্ষয় আলোকে বেঁচে মানব ইতিহাসের মণিময় হর্ম্ম্যে। কালের অমোঘ নিষ্ঠুর হস্তে চূর্ণ বিচূর্ণ হ'য়ে গেছে অগণিত ইতিবৃত্তের ভঙ্গুর তুচ্ছ খেলনা; নামহীন কীর্ত্তিহীন অন্ধকারের অতলে তলিয়ে গেছে কত কত সভ্যতায় বিজয়োদ্ধত তোরণ; তবুও সভ্যতার অমরদীপবর্ত্তিকা হাতে ইতিহাসকে যে এগিয়ে নিয়ে চলেছে অনন্ত আলোকে, বিচিত্র ধারায়, নব নব সম্ভাবনার পথে; মৃত্যুর মুখ থেকে যে ছিনিয়ে নিয়ে চলেছে জ্ঞানের অমৃতভাণ্ডকে ভাবীকালের মানব বংশীয়দের জন্য — সেই মহান্ উদার, সভ্যতার সুহৃৎ অন্যকেউ নয়, সে আমাদের অতিপরিচয়ের সীমারেখাবদ্ধ — কাগজ

রঘুনাথ দত্ত এণ্ড সন্স
সর্ব্বপ্রকার কাগজ ও ছাপার কালি বিক্রেতা
"ভোলানাথ ধাম" — ৩৩।২, বিডনষ্ট্রীট, ও ২০, সিনাগগ, ষ্ট্রিট—কলিকাতা; ৩১-১, পটুয়াটুলি, ঢাকা